FEB. 10 2000

তারিখ ...

পৃষ্ঠা ...১৫... কলাম ...১৬...

দৈনিক ইনকিলাব

# শিক্ষক সমিতির আন্দোলনের কর্মসূচী

স্টাফ রিপোর্টার ঃ বাংলাদেশ শিক্ষক সমিতি তাদের আন্দোলন কর্মসূচী ঘোষণা করেছে। এই কর্মসূচীর মধ্যে রয়েছে ২১ ফেব্রুয়ারী মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে কালো ব্যাজ ধারণ, বিকালে শিক্ষক সমাবেশ ও মিছিল, ২২ ফেব্রুয়ারী স্কুল, কলেজ ও মাদ্রাসায় ধর্মঘট, ২ ফেব্রুয়ারী মসজিদসমূহে মোনাজাত ও মন্দিরসমূহে প্রার্থনা। ২৪ ও ২৫ ফেব্রুয়ারী ধর্মঘট এবং প্রতিটি উপজেলা সদরে শিক্ষক সমাবেশ। ২৬ হতে ২৮ ফেব্রুয়ারী শিক্ষা বোর্ড, শিক্ষা অধিদফতর এবং শিক্ষা মন্ত্রণালয়ের কর্মচারী ইউনিয়ন নেতৃবৃন্দের সাথে মত বিনিময়। ১ মার্চ হতে লাগাতার ধর্মঘট দুপুর ১২টায় প্রতিটি শিক্ষা বোর্ডের সামনে শিক্ষক সমাবেশ ও আন্দোলনের পরবর্তী ঘোষণা প্রদান।

সমিতির সিনিয়র সহ-সভাপতি জুলফা মোহাম্মদ, মহাসচিব নজরুল ইসলাম, অতিরিক্ত মহাসচিব খলিলুর রহমান ভূঞা ও যুগ্ম মহাসচিব ফুরকান আহমদ যুক্ত বিবৃতিতে দাবী আদায় না হওয়া পর্যন্ত আন্দোলন চালিয়ে যাওয়ার জন্য সকল শিক্ষকের প্রতি আহবান জানিয়েছেন।